さくら সাকুরা	来月２０日よ。 アンナも一緒に静岡に行かない？ রাইগেৎসু হাৎসুকা ইয়ো। আন্না মো ইশ্‌শো নি শিযুওকা নি ইকানাই?	আগামী মাসের ২০ তারিখে। আন্না, আপনিও (আমার সঙ্গে) শিযুওকা যাবেন না?

ব্যাকরণের টিপস্

① ক্রিয়াপদের নাই-রূপ ?

- ক্রিয়াপদের নাই-রূপটি উর্ধ্বমুখী স্বরভঙ্গিতে উচ্চারণ করা হলে এটি দিয়ে অমার্জিত অর্থাৎ নৈমিত্তিক ভঙ্গিতে কাউকে কোনকিছু করার অনুরোধ জানানো যায়।

যেমন) ইশ্‌শো নি এয়েগা ও মিনাই ? (আমার সঙ্গে সিনেমা দেখবেন না?)

মার্জিত ভঙ্গিতে ⇩ ⟶ মিমাস্ (দেখা) ক্রিয়াপদের নাই-রূপ

ইশ্‌শো নি এয়েগা ও মিমাসেন কা ? (আপনি কি আমার সঙ্গে সিনেমা দেখতে যাবেন?)

② মাসের তারিখসমূহ ☞ দেখুন পাঠ ১৩



১ তারিখ: ৎসুইতাচি ২ তারিখ: ফুৎসুকা ৩ তারিখ : মিক্কা ৪ তারিখ: ইয়োক্কা ৫ তারিখ: ইৎসুকা ৬ তারিখ: মুইকা ৭ তারিখ: নানোকা ৮ তারিখ: ইয়োওকা ৯ তারিখ: কোকোনোকা ১০ তারিখ: তোওকা ১১ তারিখ: জুউইচিনিচি ২০ তারিখ: হাৎসুকা ২৪ তারিখ: নিজুউইয়োক্কা



ধ্বন্যাত্মক শব্দ

কুকুরের ঘেউ ঘেউ।

বিড়ালের মিউ মিউ ডাক।

পাঠ ২৮ 静岡へようこそ
শিযুওকা এ ইয়োওকোসো

さくら সাকুরা	こちらは、いとこの健太くん。 কোচিরা ওয়া ইতোকো নো কেন্‌তা-কুন।	ইনি হচ্ছেন আমার কাজিন, কেন্‌তা।
健太 কেন্‌তা	静岡へようこそ。 শিযুওকা এ ইয়োওকোসো।	শিযুওকায় স্বাগতম।
さくら সাকুরা	彼はカメラに詳しいから、 いろいろきいてね。 কারে ওয়া কামেরা নি কুওয়াশিই কারা, ইরোইরো কিইতে নে।	সে ক্যামেরা সম্পর্কে অনেক কিছু জানে বিধায়, (তার কাছ থেকে) বিভিন্ন বিষয় জেনে নিতে পারেন।
アンナ আন্না	どうぞよろしくお願いします。 দোওযো ইয়োরোশিকু ওনেগাই শিমাস্।	আপনার সহযোগিতা পেলে ধন্য হব।
健太 কেন্‌তা	(アンナちゃん、かわいいなあ) (আন্না-চান, কাওয়াইই নাআ।)	(আন্না মেয়েটা খুব মিষ্টি।)

ব্যাকরণের টিপস্

① _ এ ইয়োওকোসো (_ এ স্বাগতম)

- "এ" পার্টিকেলটি দিয়ে গন্তব্য নির্দেশ করা হয়। (এর অর্থ অনেকটা বাংলার মতই)। ইয়োওকোসো মানে "স্বাগতম"।
  যেমন) নিহোন এ ইয়োওকোসো। (জাপানে স্বাগতম!)

② _ কারা (_ বিধায়/বলে) (২)

- কারা হচ্ছে কারণ নির্দেশকারী পার্টিকেল।
  যেমন) কাওয়াই কারা (চটপটে বিধায়) কাওয়াই : এটি একটি ই-বিশেষণ
- যখন কারা কথাটি না-বিশেষণের সঙ্গে ব্যবহৃত হয়, তখন কারা হয়ে যায় দাকারা।
  যেমন) গেংকি দাকারা (উৎফুল্ল বিধায়) গেংকি : এটি একটি না-বিশেষণ

③ _ নি কুওয়াশি (_ সম্পর্কে বিশদভাবে ধারণা রাখা ব্যক্তি)

যেমন) কেন্‌তা ওয়া কামেরা নি কুওয়াশি। (কেন্‌তা ক্যামেরা সম্পর্কে অনেক কিছু জানে।)



ধ্বন্যাত্মক শব্দ

এটি অ্যাম্বুলেন্সের সাইরেন।

এটি পুলিশের গাড়ির সাইরেন।

পাঠ ২৯ 近くで見ると、大きいですね
চিকাকু দে মিরু তো, ওওকিই দেস্ নে

アンナ আন্না	富士山だ。 近くで見ると、大きいですね。 あれ。雲の形が帽子みたいです。 ফুজিসান দা। চিকাকু দে মিরু তো, ওওকিই দেস্ নে। আরে! কুমো নো কাতাচি গা বোওশি মিতাই দেস্।	ঐতো ফুজি পর্বত। কাছে থেকে দেখলে বেশ বড়, তাই না? ঐ দেখুন! মেঘের অবয়ব ঠিক যেন টুপির মত দেখাচ্ছে।
健太 কেন্‌তা	あの雲が見えると、雨が降るんだよ。 আনো কুমো গা মিয়েরু তো, আমে গা ফুরু-ন্ দা ইয়ো।	ঐ মেঘ যদি দেখা যায়, তাহলে বৃষ্টি হবে, বলে রাখলাম।

ব্যাকরণের টিপস্

কাসাওমো : টুপির মত মেঘ

① _তো (_হলে বা করলে)

- ক্রিয়াপদের পরে -তো পার্টিকেল ব্যবহার করে শর্ত নির্দেশ করা যায়। -তো অংশের পূর্বে ক্রিয়ার আভিধানিক রূপ অথবা নাই-রূপ বসে।

যেমন) আনো কুমো গা মিয়েরু তো, আমে গা ফুরিমাস্।
(ঐ মেঘ দেখা গেলে বৃষ্টি পড়বে।)

② _ন্ দা ☞ *দেখুন পাঠ ২৬*

- -ন্ দা কথাটি হচ্ছে -ন্ দেস্ কথাটির নৈমিত্তিক বা অমার্জিত রূপ। এটি দিয়ে পরিস্থিতি বা কারণ বুঝিয়ে বলা হয়।

যেমন) 《নৈমিত্তিক》 আমে গা ফুরু-ন্ দা। (বৃষ্টি পড়বে।)
《মার্জিত》 আমে গা ফুরু-ন্ দেস্। (বৃষ্টি পড়বে।)

ধ্বন্যাত্মক শব্দ

প্রবল বৃষ্টিপাত বোঝাতে এটি ব্যবহৃত হয়।



এটি দিয়ে বোঝায় মৃদু বৃষ্টিপাত।

পাঠ ৩০ もう少し写真を撮りたいです
মোও সুকোশি শাশিন ও তোরিতাই দেস্

さくら সাকুরা	あ、雨だ。急いで帰りましょう。 আ, আমে দা। ইসোইদে কায়েরিমাশোও।	দেখুন! বৃষ্টি পড়ছে। চলুন তাড়াতাড়ি ফিরে যাই।
アンナ আন্না	ちょっと待って下さい。 もう少し写真を撮りたいです。 চোত্তো মাত্তে কুদাসাই। মোও সুকোশি শাশিন ও তোরিতাই দেস্।	একটু অপেক্ষা করুন প্লিজ। আরো কিছুক্ষণ ছবি তুলতে চাই।
健太 কেন্‌তা	雨にぬれたら、風邪をひくよ。 আমে নি নুরেতারা, কাযে ও হিকু ইয়ো।	বৃষ্টিতে ভিজলে ঠাণ্ডা লাগবে যে।

ব্যাকরণের টিপস্

① _ তাই দেস্ (_ করতে চাই)

- ক্রিয়াপদের মাস্-রূপ থেকে -মাস্ অংশটি সরিয়ে -তাই বসিয়ে কোন কিছু করবার আকাঙ্খা প্রকাশ করা যায়। -তাই অংশের পরে দেস্ জুড়ে দিলে বাক্যটি হবে মার্জিত।

যেমন) শাশিন ও তোরিমাস্। (ছবি তুলি)
⇒ শাশিন ও তোরিতাই দেস্। (ছবি তুলতে চাই।)

② ক্রিয়ার তা-রূপ + রা (_ হলে বা করলে)

- ক্রিয়ার তা-রূপের পর রা, অর্থাৎ একসঙ্গে -তারা রূপটি শর্ত প্রকাশ করে।
- নিত্য ঘটিত বিষয়ের ক্ষেত্রে -তারা রূপটির পরিবর্তে তো ব্যবহার করে শর্ত প্রকাশ করা যায়। ☞ দেখুন পাঠ ২৯

যেমন) ওশিতারা, ৎসুকিমাস্ (সুইচ চাপলে বাতি জ্বলে)
ওসুতো, ৎসুকিমাস্ (সুইচ চাপলে বাতি জ্বলে)



ধ্বন্যাত্মক শব্দ

এটি দিয়ে বোঝায় বজ্রপাতের শব্দ।



এটি দিয়ে ছোট, হাল্কা বস্তু উলটে পড়ার ভঙ্গি বোঝায়।

পাঠ ৩১ もう８２歳ですよ
মোও হাচিজুউনি সাই দেস্‌ ইয়োা

アンナ আন্না	おばあさん、お元気ですね。 ওবাআসান, ওগেংকি দেস্‌ নে।	দিদিমা, আপনি তো এখনও বেশ সুস্থ-সবল।
おばあさん দিদিমা	もう82歳ですよ。さあ、お茶をどうぞ。 মোও হাচিজুউনি সাই দেস্‌ ইয়োা। সাআ, ওচা ও দোওযো।	আমার বয়স ইতোমধ্যেই ৮২ পেরিয়েছে। আচ্ছা, চা নিন।
アンナ আন্না	わあ、きれいな緑色。香りもいいです。 ওয়াআ, কিরেয়ে-না মিদোরি ইরো। কাওরি মো ইই দেস্‌।	বাহ! চমৎকার সবুজ রঙ। সুবাসটাও দারুণ।

ব্যাকরণের টিপস্‌

① সংখ্যা (২) ☞ *দেখুন পাঠ ৬*

১০ জুউ	২০ নিজুউ
১১ জুউইচি = ১০ জুউ + ১ ইচি	২১ নিজুউইচি = ২০ নিজুউ + ১ ইচি
১২ জুউনি = ১০ জুউ + ২ নি	২২ নিজুউনি = ২০ নিজুউ + ২ নি

② রঙ

③ সম্মান জ্ঞাপক ও এবং গো

- শ্রোতার প্রতি অথবা আলোচ্য ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য জাপানি ভাষায় বিশেষ্য বা বিশেষণের পূর্বে ও- অথবা গো- ব্যবহার করা হয়।
- সাধারণত চীনা ভাষা থেকে আসা বিশেষ্য পদের আগে গো- ব্যবহার করা হয়। অন্যান্য বিশেষ্য পদের আগে ও- ব্যবহার করা হয়।

  (যেমন) ওশিগোতো (কাজ, চাকরি), গোকাযোকু (পরিবার)



ধ্বন্যাত্মক শব্দ



এটি হচ্ছে ঢক ঢক করে কোনকিছু পান করার শব্দ।

এটি হল দ্রুত বিপুল পরিমাণ পানীয় পান করার ভঙ্গি।

www.bagerhattrainingcenter.com

পাঠ ৩২ 布団のほうが好きです
ফুতোন নো হোও গা সুকি দেস্

さくら সাকুরা	布団とベッドとどちらが好き? ফুতোন তো বেদ্‌দো তো দোচিরা গা সুকি?	ফুতোন আর বেডিং, (এই দুটির মধ্যে) কোন্‌টা পছন্দ?
アンナ আন্না	布団のほうが好きです。 この布団はベッドよりやわらかいです。 それじゃ、おやすみなさい。 ফুতোন নো হোও গা সুকি দেস্। কোনো ফুতোন ওয়া বেদ্‌দো ইয়োরি ইয়াওয়ারাকাই দেস্। সোরেজা, ওইয়াসুমিনাসাই।	ফুতোন (আমার বেশি) পছন্দ। এই ফুতোনটি বেডিং-এর তুলনায় নরম। তাহলে, শুভরাত্রি।
さくら সাকুরা	おやすみ。 ওইয়াসুমি।	শুভরাত্রি।

ব্যাকরণের টিপস্

① বিশেষ্য-A তো বিশেষ্য-B তো দোচিরা গা বিশেষণ দেস্ কা
(কোন্‌টা বেশি _, A নাকি B?)

* A এবং B নামক দুটি জিনিসের তুলনামূলক দোষগুণ জানতে চাইলে বলতে হবে, A তো B তো দোচিরা গা, এবং এরপর, দোষগুণ বোধক বিশেষণ, এবং সবশেষে, দেস্ কা জুড়ে দিতে হবে।
  যেমন) ফুতোন তো বেদ্‌দো তো দোচিরা গা সুকি দেস্ কা?
  (কোন্‌টা (আপনার) বেশি পছন্দ, ফুতোন, নাকি বেডিং?)

② বিশেষ্য-A নো হোও গা বিশেষ্য-B ইয়োরি বিশেষণ দেস্ (A হচ্ছে B এর চাইতে বেশি __)

* A এবং B নামক দুটি জিনিসের দোষগুণের তুলনা করতে চাইলে বলতে হবে, A নো হোও গা B ইয়োরি, এবং এরপর, দোষগুণ বোধক বিশেষণ, এবং সবশেষে, দেস্ জুড়ে দিতে হবে।
  যেমন) তাই নো হোও গা নিহোন ইয়োরি আৎসুই দেস্। (থাইল্যান্ড জাপানের চাইতে গরম।)
* এই অভিব্যক্তিটি অন্যভাবেও প্রকাশ করা যায়, A ওয়া B ইয়োরি __ দেস্।
  যেমন) তাই ওয়া নিহোন ইয়োরি আৎসুই দেস্। (থাইল্যান্ড জাপানের চাইতে গরম।)



ধ্বন্যাত্মক শব্দ

তুলতুলে নরম এবং স্থিতিস্থাপক জিনিস বোঝায়।

এটি দিয়ে নরম এবং হাল্কা জিনিস বোঝায়।

পাঠ ৩৩ アンナさんにあげます

আন্না-সান নি আগেমাস্

健太 কেন্‌তা	これは、僕が富士山で撮った写真です。 কোরে ওয়া, বোকু গা ফুজিসান দে তোত্তা শাশিন দেস্।	এটা হচ্ছে, ফুজি পর্বতে আমার তোলা ছবি।
アンナ আন্না	あっ、私だ。 আ', ওয়াতাশি দা।	আ', এ যে আমার ছবি।
健太 কেন্‌তা	驚いた？あとで、アンナさんにあげます。 ওদোরোইতা? আতোদে, আন্না-সান নি আগেমাস্।	অবাক হয়েছেন? পরে আমি (এই ছবি) আপনাকে দেব।
アンナ আন্না	写真をくれるんですか。うれしいです。 শাশিন ও কুরেরু-ন্ দেস্ কা? উরেশিই দেস্।	ছবি দেবেন? কী মজা!

ব্যাকরণের টিপস্

① আগেমাস্

- বক্তা যখন শ্রোতাকে কোনকিছু দেন, তখন বক্তা ব্যবহার করবেন আগেমাস্ (দেওয়া)। আগেমাস্ কথাটি সাধারণভাবে লোকজন একে অন্যকে কোনকিছু দেওয়ার ক্ষেত্রেও ব্যবহৃত হয়।

② কুরেমাস্

- অন্য কেউ যখন বক্তাকে কোনকিছু দেন, তখন বক্তা ব্যবহার করবেন কুরেমাস্ (দেওয়া)।
- জাপানি ভাষায় দাতা এবং গ্রহীতার ভিন্ন ভিন্ন বয়সগত ও সামাজিক অবস্থান অনুযায়ী দেওয়া/নেওয়া অর্থে ভিন্ন ভিন্ন ক্রিয়াপদ ব্যবহার করা হয়ে থাকে।

কুরেমাস্
⇒ কুরেমাশ্তা (অতীত রূপ)
⇒ কুরেরু (আভিধানিক রূপ)

ধ্বন্যাত্মক শব্দ

এটি দিয়ে আনন্দিত ও হাসিমুখ বোঝায়।



এটি স্মিত হাসি প্রকাশ করে।

পাঠ ৩৪ やわらかくておいしいです
ইয়াওয়ারাকাকুতে ওইশিই দেস্

健太	あっ、トロが来た。	আ', তোরো চলে এসেছে।
কেন্তা	আ', তোরো গা কিতা।	
アンナ	トロって何ですか。	তোরো বলতে কি বুঝায়?
আন্না	তোরো-ত্তে নান্ দেস্ কা?	
健太	マグロのおなかの部分です。どうぞ。	(এটা হল) টুনা মাছের পেটের অংশ।
কেন্তা	মাগুরো নো ওনাকা নো বুবুন দেস্। দোওযো।	প্লিজ নিন।
アンナ	いただきます。やわらかくておいしいです。	ধন্যবাদ। খেয়ে দেখি।
আন্না	ইতাদাকিমাস্।	বেশ নরম আর সুস্বাদু।
	ইয়াওয়ারাকাকুতে ওইশিই দেস্।	

ব্যাকরণের টিপস্



① _ ত্তে নান দেস্ কা　(__ বলতে কী বোঝায়?)
- কোন শব্দের অর্থ জানতে চাইলে
  -ত্তে নান দেস্ কা অংশটি জুড়ে দেওয়া যেতে পারে।
  যেমন) তোরো-ত্তে নান দেস্ কা? (তোরো বলতে কী বোঝায়?)

② বিশেষণের তে-রূপ গঠনের নিয়ম

ই-বিশেষণ	: শেষের ই বাদ দিয়ে জুড়ে দিন -কুতে	যেমন) ইওয়ারাকাই (নরম)	⇒ ইওয়ারাকাকুতে
না-বিশেষণ	: সঙ্গে জুড়ে দিন -দে	যেমন) গেংকি (সুস্থ-সবল)	⇒ গেংকিদে

③ বিশেষণের তে-রূপ + বিশেষণ　　☞ *বিশেষণ : দেখুন পৃষ্ঠা 53*
- দুটি বা তার চেয়ে বেশি বিশেষণে কোনকিছুকে বিশেষায়িত করতে হলে,
  শেষ বিশেষণটি বাদে আগের সবকটি বিশেষণের তে-রূপ ব্যবহার করতে হবে।
  যেমন) ইওয়ারাকাকুতে ওইশিই দেস্। (নরম এবং সুস্বাদু। বা, যেমনি নরম, তেমনি সুস্বাদু।)



ধ্বন্যাত্মক শব্দ

এটি দিয়ে হাল্কা স্বাদের সহজপাচ্য খাবার বোঝায়।

এটি দিয়ে তৈলাক্ত ও প্রচুর মশলাযুক্ত গুরুপাক খাবার বোঝায়।

পাঠ ৩৫ クレジットカードは使えますか
কুরেজিত্তো কাআদো ওয়া ৎসুকায়েমাস্ কা

健太	お勘定をお願いします。	বিলটা প্লিজ?
কেন্‌তা	ওকান্‌জোও ও ওনেগাইশিমাস্।	
店員	全部で５２００円です。	সব মিলিয়ে পাঁচ হাজার দু'শো ইয়েন।
দোকানকর্মী	যেন্‌বু দে গোসেন নিহিয়াকু এন দেস্।	
健太	クレジットカードは使えますか。	ক্রেডিট কার্ড ব্যবহার করা যাবে?
কেন্‌তা	কুরেজিত্তো কাআদো ওয়া ৎসুকায়েমাস্ কা?	
店員	はい、使えます。	হ্যাঁ, ব্যবহার করা যাবে।
দোকানকর্মী	হাই, ৎসুকায়েমাস্।	

ব্যাকরণের টিপস্

① **সংখ্যা (৩)** ☞ *দেখুন পাঠ ৬, ৩১*

১০০	১০০০	১০০০০
হিয়াকু 百	সেন 千	মান 万

② **সম্ভাব্যতা বা সক্ষমতাজ্ঞাপক ক্রিয়ারূপ** ☞ *ক্রিয়াপদ : দেখুন পৃষ্ঠা 54, 55*

- ক্রিয়াপদের এই রূপটি দিয়ে দুই ধরনের অর্থ প্রকাশ করা যায়। এর একটি হল, কোনকিছু করার সক্ষমতা বোঝানো। অন্যটি হল নির্দিষ্ট পরিস্থিতিতে কোনকিছু করার সম্ভাব্যতা বা অনুমতি বোঝানো।

  যেমন) হানাশিমাস্ (কথা বলা) ⇒ হানাসেমাস্ (কথা বলতে পারা)

  ৎসুকাইমাস্ (ব্যবহার করা) ⇒ৎসুকায়েমাস্ (ব্যবহার করতে পারা)



ধ্বন্যাত্মক শব্দ

এটি হচ্ছে ক্যাশ রেজিস্টার যন্ত্রে বারকোডের পাঠোদ্ধার করার শব্দ।



এটি হচ্ছে মাইক্রোওয়েভ ওভেনে রান্না শেষ হয়ে গেলে বেজে ওঠা সংকেতের শব্দ।

পাঠ ৩৬ 勉強しなければなりません
বেংকিয়োও শিনাকেরেবা নারিমাসেন

健太 কেন্‌তা	寂しくなります。 সাবিশিকু নারিমাস্।	একা হয়ে যাব।
アンナ আন্না	私もです。 でも、大学で勉強しなければなりません。 ওয়াতাশি মো দেস্। দেমো, দাইগাকু দে বেংকিয়োও শিনাকেরেবা নারিমাসেন।	আমিও। কিন্তু আমাকে তো আমার বিশ্ববিদ্যালয়ে পড়তেই হবে।
健太 কেন্‌তা	じゃ、僕が春休みに東京に行きます。 জা, বোকু গা হারুইয়াসুমি নি তোওকিয়োও নি ইকিমাস্।	তাহলে আমি বসন্তকালীন ছুটিতে টোকিওতে যাব।

ব্যাকরণের টিপস্

① ক্রিয়ার নাই-রূপ + নাকেরেবা নারিমাসেন (অবশ্যই _ করতে হবে)

- কোন কাজ অবশ্যই করতে হবে, অর্থাৎ না করলে হবে না, এমন ধারণা প্রকাশ করতে হলে জাপানি ক্রিয়ার নাই-রূপ থেকে -নাই অংশটি বাদ দিয়ে সেখানে জুড়ে দিতে হবে -নাকেরেবা নারিমাসেন।

〈মাস্-রূপ〉	→	〈নাই-রূপ〉	→	
ইকিমাস্ (যাওয়া)		ইকানাই (না যাওয়া)		ইকানাকেরেবা নারিমাসেন (যেতেই হবে, অর্থাৎ না গেলে হবে না)

② ঋতু

হারু (বসন্তকাল)

নাৎসু (গ্রীষ্মকাল)

আকি (শরতকাল)

ফুয়ু (শীতকাল)

ধ্বন্যাত্মক শব্দ

এটি বাতাসের স্বাভাবিক বয়ে চলা বোঝায়। এটি উচ্চ গতিতে

শো-শো করে বাতাস বয়ে চলা বোঝায়।

ঝড়োবেগে বাতাস বয়ে চলা বোঝায়।

পাঠ ৩৭ 富士山（ふじさん）を見（み）たり、おすしを食（た）べたりしました
ফুজিসান ও মিতারি, ওসুশি ও তাবেতারি শিমাশ্‌তা

寮母（りょうぼ） ডর্ম মাদার	旅行（りょこう）はどうだった？ রিয়োকোও ওয়া দোও দাত্তা?	তোমার ভ্রমণ কেমন হল?
アンナ আন্না	富士山（ふじさん）を見（み）たり、おすしを食（た）べたりしました。楽（たの）しかったです。 ফুজিসান ও মিতারি, ওসুশি ও তাবেতারি শিমাশ্‌তা। তানোশিকাত্তা দেস্‌।	আমি ফুজি পর্বত দেখলাম, সুশি খেলাম, আরো কত কী! বেশ মজা হয়েছে।
寮母（りょうぼ） ডর্ম মাদার	それはよかったわね。 সোরে ওয়া ইয়োকাত্তা ওয়া নে।	এ তো খুব ভাল কথা।

ব্যাকরণের টিপস্‌

① ক্রিয়ার তা-রূপ + রি, ক্রিয়ার তা-রূপ + রি শিমাস্‌

* বেশ কতগুলো কার্যকলাপের মধ্য থেকে কয়েকটির উদাহরণ একে একে বলবার সময় প্রতিটি জাপানি ক্রিয়ার তা-রূপের সঙ্গে রি যুক্ত করে, অর্থাৎ -তারি আকারে বলা হয়। শেষ ক্রিয়াটির -তারি অংশের পর শিমাস্‌ (করা), বা এর অতীত রূপ, শিমাশ্‌তা ব্যবহার করা হয়।

যেমন) ফুজিসান ও মিতা (ফুজি পর্বত দেখেছি) ওসুশি ও তাবেতা (সুশি খেয়েছি)

ফুজিসান ও মিতারি, ওসুশি ও তাবেতারি শিমাশ্‌তা।

(আমি ফুজি পর্বত দেখেছি, সুশি খেয়েছি, ইত্যাদি)

② _ ওয়া দোও দাত্তা? (_ কেমন ছিল, বা কেমন হল?)

* দোও মানে কেমন। দাত্তা হচ্ছে দেশ্‌তা বা ছিল কথাটির নৈমিত্তিক রূপ। অতীত কাল বোঝাতে বাক্যের শেষে দাত্তা বা দেশ্‌তা বসে।

যেমন) শিকেন ওয়া দোও দাত্তা? (পরীক্ষা কেমন ছিল, বা কেমন হল?)

ধ্বন্যাত্মক শব্দ

এটি দিয়ে বোঝানো হয় পরিশ্রান্ত হয়ে দুর্বল বোধ করার মত অবস্থা।

এটি দিয়ে বোঝানো হয় পুরোপুরি ক্লান্ত হয়ে কর্মোদ্যম হারিয়ে ফেলা অবস্থা।

www.bagerhattrainingcenter.com

পাঠ ৩৮ かしこまりました
কাশিকোমারিমাশ্‌তা

母親 ডর্ম মাদার	市民病院までお願いします。 শিমিন বিয়োওইন মাদে ওনেগাই শিমাস্‌।	অনুগ্রহ করে আমাদের সিটিজেন হাসপাতালে নিয়ে যান।
運転手 ট্যাক্সি চালক	かしこまりました。 কাশিকোমারিমাশ্‌তা।	বুঝতে পেরেছি, ম্যাডাম।
母親 ডর্ম মাদার	まっすぐ行って、3つ目の信号を左に曲がってください。 মাস্‌সুগু ইত্তে, মিৎসুমে নো শিংগোও ও হিদারি নি মাগাত্তে কুদাসাই।	সোজা গিয়ে, তিনটি সিগনাল পেরিয়ে বাম দিকে মোড় নেবেন, প্লিজ।

ব্যাকরণের টিপস্‌

① সম্মানজ্ঞাপক অভিব্যক্তি

- বয়সে বড়, বা প্রাতিষ্ঠানিক বা সামাজিক মর্যাদায় এগিয়ে থাকা লোকজন, অথবা স্বল্পপরিচিত লোকজনের সঙ্গে আলাপকালে, বা তাদের সম্পর্কে কথা বলার সময় সম্মানজ্ঞাপক অভিব্যক্তি ব্যবহার করা হয়।

② দুটি ক্রিয়ার সম্মানার্থক রূপ

(1) শ্রদ্ধাসূচক রূপ   মিমাস্‌ (দেখা) ⇒ গোরান্‌নিনারিমাস্‌

শ্রোতা বা আলোচ্য ব্যক্তির কাজ অথবা পরিস্থিতি প্রকাশ করতে এই ক্রিয়ারূপটি ব্যবহার করে তাদের প্রতি সম্মান প্রদর্শন করা যায়।

(2) বিনয়সূচক রূপ   ওয়াকারিমাশ্‌তা (বুঝতে পেরেছি) ⇒ কাশিকোমারিমাশ্‌তা

নিজের সম্পর্কে বলতে গিয়ে বিনয়সূচক ক্রিয়ারূপ ব্যবহার করেও সম্মান প্রদর্শন করা যায়।

ধ্বন্যাত্মক শব্দ

অবসাদ বা জ্বরের কারণে ঠিকমত দাঁড়াতে সক্ষম না হলে সেই অবস্থাকে বোঝায়।

এই শব্দটি মাথা ঘুরানোর মত পরিস্থিতি বোঝায়।

www.bagerhattrainingcenter.com

পাঠ ৩৯ かぜだと思います

কাযে দা তো ওমোইমাস্

医者 ডাক্তার	どうしましたか。 দোও শিমাশ্‌তা কা?	কী হয়েছে?
アンナ আন্না	せきが出ます。 সেকি গা দেমাস্।	কাশি হচ্ছে।
寮母 ডর্ম মাদার	熱も37．4度あります。 নেৎসু মো সান্‌জুউনানা তেন হাচি দো আরিমাস্।	ওর ৩৭.৮ ডিগ্রি জ্বরও আছে।
医者 ডাক্তার	のどを見せてください。 かぜだと思います。 নোদো ও মিসেতে কুদাসাই। কাযে দা তো ওমোইমাস্।	অনুগ্রহ করে আপনার কণ্ঠনালী দেখতে দিন। মনে হচ্ছে আপনার ঠাণ্ডা লেগেছে।

ব্যাকরণের টিপস্

① অসুস্থতার লক্ষণ প্রকাশের উপায়

আতামা গা ইতাই দেস্

হানামিযু গা দেমাস্

ওনাকা গা ইতাই দেস্

② _ তো ওমোইমাস্ (__ বলে মনে করি)

* নিজস্ব ধারণা, মতামত বা অনুমান প্রকাশের জন্য প্রথমে নিজের চিন্তাভাবনা উল্লেখ করে তার পর জুড়ে দিতে হবে, তো ওমোইমাস্। লক্ষ্য রাখতে হবে যে, তো ওমোইমাস্ কথাটির আগে ক্রিয়ার সরল রূপ অর্থাৎ আভিধানিক রূপ বসে।

যেমন) কানোজো ওয়া কিমাস্। ⇒ কানোজো ওয়া কুরু তো ওমোইমাস্।
(সে (মেয়েটি) আসবে) (সে আসবে বলে মনে করি।)

ধ্বন্যাত্মক শব্দ

সামান্য কাশি

গুরুতর কাশি

পাঠ ৪০　頭がずきずきします
আতামা গা যুকিযুকি শিমাস্

寮母	おかゆですよ。	এই নিন গলাভাত।
ডর্ম মাদার	体調は、どう？	শারীরিক অবস্থা কেমন?
	ওকায়ু দেস্ ইয়ো।	
	তাইচোও ওয়া, দোও?	
アンナ	頭がずきずきします。	মাথাটা টিপ টিপ করে ব্যথা করছে।
আন্না	আতামা গা যুকিযুকি শিমাস্।	
寮母	そう。欲しいものがあったら、言ってね。	ও তাই!
ডর্ম মাদার	সোও। হোশিই মোনো গা আত্তারা, ইত্তে নে।	কোনকিছু দরকার হলে বলবে কিন্তু।

ব্যাকরণের টিপস্

① **যুকিযুকি শিমাস্** (টিপ টিপ করে ব্যথা করা)

- যুকিযুকি একটি ধ্বন্যাত্মক শব্দ। এটি বিশেষ করে হৃদস্পন্দনের তালে তালে মাথাধরা হলে তা প্রকাশে ব্যবহার করা হয়। এর সঙ্গে শিমাস্ (করা) যুক্ত করলে এটি ক্রিয়া হয়ে যায়।

② **জাপানি ক্রিয়ার তিনটি শ্রেণিবিভাগ** ☞ *ক্রিয়াপদ : দেখুন পৃষ্ঠা 54, 55*

- জাপানি ক্রিয়াপদগুলো তিনটি গ্রুপ বা শ্রেণিতে বিভক্ত। প্রত্যেক গ্রুপের ক্রিয়ারূপ পরিবর্তনের ভিন্ন ভিন্ন রীতি আছে।

গ্রুপ ১ --- এই গ্রুপের ক্রিয়াগুলোর মাস্-রূপ গঠনের সময় -মাস্ অংশের আগের সিলেবলটি হয় ই-কারান্ত।
যেমন) কাকিমাস্ (লেখা)

গ্রুপ ২ --- এই গ্রুপের ক্রিয়াগুলোর -মাস্ অংশের আগের সিলেবলটি সচরাচর এ-কারান্ত এবং কিছু ক্ষেত্রে ই-কারান্ত হয়।
যেমন) তাবেমাস্ (খাওয়া)

গ্রুপ ৩ --- শিমাস্ (করা), কিমাস্ (আসা)



ধ্বন্যাত্মক শব্দ



জ্বরের কারণে শীত বোধ করার পরিস্থিতি বোঝায়।

এটি দিয়ে বোঝায় অসুস্থ ও বমি-বমি ভাব

পাঠ ৪১　学園祭に行くことができて、楽しかったです
গাকুএন-সাই নি ইকু কোতো গা দেকিতে, তানোশিকাত্তা দেস্

アンナ আন্না	健太様 কেন্‌তা সামা	প্রিয় কেন্‌তা
	お元気ですか。 ওগেংকি দেস্ কা?	ভালো আছেন তো?
	この間はありがとうございました。 কোনো আইদা ওয়া আরিগাতোও গোযাইমাশ্‌তা।	সেদিনের (সহযোগিতার) জন্য আপনাকে অনেক ধন্যবাদ।
	学園祭に行くことができて、楽しかったです。 গাকুএন-সাই নি ইকু কোতো গা দেকিতে, তানোশিকাত্তা দেস্।	ক্যাম্পাস উৎসবে যেতে পেরে আমি অত্যন্ত আনন্দিত।
	次は東京で会いましょう。 ৎসুগি ওয়া তোওকিয়োও দে আইমাশোও।	পরের বার টোকিওতে আপনার সঙ্গে সাক্ষাতের আশা রাখি।

ব্যাকরণের টিপস্

① ক্রিয়ার আভিধানিক রূপ + কোতো গা দেকিমাস্ (_ করতে পারা)

- সক্ষমতা অথবা সম্ভাব্যতা বোঝাতে ক্রিয়ার আভিধানিক রূপ অর্থাৎ সরল রূপের সঙ্গে কোতো গা দেকিমাস্ কথাটি ব্যবহার করতে হবে।

  যেমন) ওয়াতাশি ওয়া ইকু কোতো গা দেকিমাস্। (আমি যেতে সক্ষম/আমি যেতে পারি।)

- একই অর্থ প্রকাশ করা যায় সম্ভাব্যতাজ্ঞাপক ক্রিয়ারূপ ব্যবহার করেও। ☞ *দেখুন পাঠ ৩৫*

  যেমন) ওয়াতাশি ওয়া ইকেমাস্। (আমি যেতে সক্ষম/আমি যেতে পারি।)

② ঠিকানা লেখার নিয়ম

- প্রথাগতভাবে জাপানি লেখা উপর থেকে নিচের দিকে নামতে থাকা এবং ক্রমশ ডান থেকে বামে অগ্রসর হওয়া সারিতে লেখা হয়।
- সামা (様) কথাটি একটি সম্মানসূচক সম্বোধন হিসেবে ব্যক্তির নামের সঙ্গে জুড়ে দেওয়া হয়।





ধ্বন্যাত্মক শব্দ



এটি দিয়ে এমন পরিষ্কার-পরিচ্ছন্ন ঘর বোঝায় যেখানে ন্যূনতম সংখ্যক দরকারী আসবাবপত্র থাকে।

মুখমণ্ডল ধুয়ে পরিষ্কার করা হলে সেই অবস্থা বোঝায়।

www.bagerhattrainingcenter.com

পাঠ ৪২ どれがいちばんおいしいかな
দোরে গা ইচিবান ওইশিই কানা

アンナ আন্না	どれがいちばんおいしいかな。 দোরে গা ইচিবান ওইশিই কানা।	কোন্‌টা যে সবচেয়ে সুস্বাদু !
販売員 বিক্রয়কর্মী	幕の内弁当は人気がありますよ。 মাকুনোউচি-বেন্‌তোও ওয়া নিংকি গা আরিমাস্ ইয়ো।	মাকুনোউচি-বেন্‌তো জনপ্রিয়।
アンナ আন্না	じゃ、私は幕の内。 জা, ওয়াতাশি ওয়া মাকুনোউচি।	তাহলে, আমি নেব মাকুনোউচি।
ロドリゴ রড্রিগো	僕も。支払いは別々にお願いします。 বোকু মো। শিহারাই ওয়া বেৎসুবেৎসুনি ওনেগাই শিমাস্।	আমিও। বিলটা পৃথক পৃথকভাবে করবেন,প্লিজ।

ব্যাকরণের টিপস্

মাকুনোউচি-বেন্ তোও

① **ইচিবান** (এক নম্বর, সবচেয়ে বেশি_)

- তিনটি বা তার বেশি সংখ্যক জিনিসের তুলনা করতে গিয়ে সর্বোত্তম বোঝাতে ইচিবান কথাটি ব্যবহার করা যায়।
  যেমন) ওয়াতাশি ওয়া মাকুনোউচি-বেন্‌তোও গা ইচিবান সুকি দেস্।
  (আমি মাকুনোউচি-বেন্‌তো নামক বাহারি বক্স লাঞ্চ সবচেয়ে বেশি পছন্দ করি।)

② **দোরে গা ইচিবান বিশেষণ দেস্ কা** (কোন্‌টি সবচেয়ে বেশি _?)

- ইচিবান কথাটি দিয়ে প্রশ্ন বানাতে হলে দরকারমত প্রশ্নবাচক শব্দ ব্যবহার করতে হবে।

ইৎসু গা (কখন) — দোরে গা (কোন্‌টি) → **ইচিবান+(বিশেষণ)** ← দোকো গা (কোথায়) — নানি গা (কী)



ধ্বন্যাত্মক শব্দ

এটি দিয়ে বোঝায় ক্ষুধার্ত অবস্থায় পেটের শব্দ।

এটি দিয়ে বোঝায় অত্যন্ত ক্ষুধার্ত অবস্থা।

পাঠ ৪৩ どうしてでしょうか
দোওশ্‌তে দেশোও কা

先生	姫路城は奇跡の城と言われています。	হিমেজি প্রাসাদ এক অত্যাশ্চর্য প্রাসাদ
শিক্ষক	どうしてでしょうか。	বলে বলা হয়ে থাকে।
	হিমেজি-জোও ওয়া কিসেকি নো শিরো তো ইওয়ারেতে ইমাস্‌।	এটা কী কারণে বলে আপনি মনে করেন?
	দোওশ্‌তে দেশোও কা?	
ロドリゴ	戦争でも焼けなかったからです。	যুদ্ধেও এটা ভস্মীভূত হয়নি বলে।
রড্রিগো	সেন্‌সোও দেমো ইয়াকেনাকাত্তা কারা দেস্‌।	
アンナ	さすが、ロドリゴ！	চমৎকার (বলেছেন), রড্রিগো!
আন্না	সাসুগা, রোদোরিগো!	

ব্যাকরণের টিপস্‌

হিমেজি প্রাসাদ

© Himeji City

① _ দেশোও (_ হতে পারে)

* ভবিষ্যতের অনুমান প্রকাশ করতে অথবা অনিশ্চিত কোনকিছু সম্পর্কে বলতে হলে দেশোও ব্যবহার করা হয়।

যেমন) আশ্‌তা ওয়া আমে দেশোও।
(সম্ভবত আগামীকাল বৃষ্টি হতে পারে।)

② দোওশ্‌তে দেশোও কা (কেন এমন বলে আপনি মনে করেন?)

* দোওশ্‌তে মানে কেন। মার্জিত কথাবার্তায় দোওশ্‌তে কথাটি হয়ে যায় নাযে (কেন)। ⇒নাযে দেশোও কা



ধ্বন্যাত্মক শব্দ

উত্তর সঠিক হলে বেজে ওঠা যান্ত্রিক শব্দ।

উত্তর ভুল হলে বেজে ওঠা যান্ত্রিক শব্দ।

পাঠ ৪৪ 和菓子を食べてから、抹茶を飲みます
ওয়াগাশি ও তাবেতে কারা, মাচ্চা ও নোমিমাস্

アンナ আন্না	和菓子はとても甘いですね。 ওয়াগাশি ওয়া তোতেমো আমাই দেস্ নে।	জাপানি পিঠা খুব মিষ্টি, তাই না?
先生 শিক্ষক	和菓子を食べてから、抹茶を飲みます。 抹茶は苦いかもしれません。 ওয়াগাশি ও তাবেতে কারা, মাচ্চা ও নোমিমাস্। মাচ্চা ওয়া নিগাই কামোশিরেমাসেন।	জাপানি মিষ্টি খাওয়ার পর লোকজন সবুজ চা খায়। সবুজ চা খেতে তেতো লাগতে পারে।
アンナ আন্না	先生、足がしびれました。いたたたた。 সেন্সেয়ে, আশি গা শিবিরেমাশ্তা। ইতাতাতাতা।	টিচার, আমার পা অসাড় হয়ে পড়েছে। উহ, ব্যথা লাগছে!

ব্যাকরণের টিপস্

① ক্রিয়ার তে-রূপ + কারা (_ করার পরে)

* কারা হল একটি পার্টিকেল যার অর্থ "_ করার পরে"।
তুলনামূলক পূর্বের ঘটনাটি কারা শব্দের আগে বসে, আর পরের কাজটি বসে এর পরে। কারা শব্দের পূর্বের ক্রিয়াপদটির তে-রূপ ব্যবহার করতে হবে।
যেমন) ওয়াগাশি ও তাবেতে কারা, মাচ্চা ও নোমিমাস্।
(জাপানি মিষ্টান্ন খাওয়ার পরে লোকজন সবুজ চা খায়।)



② _ কামোশিরেমাসেন (হয়তো _ হতে পারে)

যেমন) নিগাই কামোশিরেমাসেন। ⇔ আমাই কামোশিরেমাসেন।
(তেতো হতে পারে) (মিষ্টি হতে পারে)



ধ্বন্যাত্মক শব্দ

দীর্ঘক্ষণ চলাচল না করার ফলে হাত-পা অসাড় হয়ে ঝিমঝিম করা।



এটা হল বৈদ্যুতিক শক লাগার অনুভূতি।

পাঠ ৪৫ お誕生日おめでとう

ওতান্জোওবি ওমেদেতোও

みんな	アンナ、お誕生日おめでとう。	আন্না, শুভ জন্মদিন!
বন্ধুবান্ধব	আন্না, ওতান্জোওবি ওমেদেতোও।	
健太	これ、ほんの気持ちです。	এই নিন সামান্য শুভেচ্ছা উপহার।
কেন্‌তা	কোরে, হোন্নো কিমোচি দেস্।	
アンナ	どうもありがとうございます。	অনেক অনেক ধন্যবাদ।
আন্না	দোওমো আরিগাতোও গোযাইমাস্।	
さくら	何をもらったの？	কী উপহার পেলেন?
সাকুরা	নানি ও মোরাত্তা নো?	
アンナ	開けてもいいですか。	খুলে দেখতে পারি কি?
আন্না	আকেতে মো ইই দেস্ কা?	

ব্যাকরণের টিপস্

① ওতান্জোওবি ওমেদেতোও (শুভ জন্মদিন)

* ওতান্জোওবি মানে "আপনার জন্মদিন" এবং ওমেদেতোও অর্থ "অভিনন্দন/শুভেচ্ছা"।
  মার্জিত ভঙ্গিতে বললে দাঁড়ায় ⇒ওতান্জোওবি ওমেদেতোও গোযাইমাস্। (শুভ জন্মদিন)

② মোরাইমাস্ (প্রদত্ত হওয়া/পাওয়া)

* গ্রহীতা যখন বাক্যের কর্তা, তখন মোরাইমাস্ কথাটি ব্যবহার করা হয়। এক্ষেত্রে প্রদানকারী ব্যক্তির পরে নি বসে।
  যেমন) কানোজো ওয়া কারে নি ফুউসেন ও মোরাইমাস্। (মেয়েটিকে ছেলেটি বেলুন দেয়)
* প্রদানকারী যখন কর্তা, তখন আগেমাস্ (দেওয়া) কথাটি ব্যবহার করা হয়।

☞ দেখুন পাঠ ৩৩

যেমন) কারে ওয়া কানোজো নি ফুউসেন ও আগেমাস্।
(ছেলেটি মেয়েটিকে বেলুন দেয়)

ধ্বন্যাত্মক শব্দ

এটি মর্মাহত হয়ে আবেগজনিত কারণে কান্না পাওয়ার অবস্থা প্রকাশ করে।

এটি অন্যের প্রতি সমব্যথী হয়ে আবেগাপ্লুত ও কান্নার ভাব প্রকাশ করে।

পাঠ ৪৬　帰国する前に、雪を見ることができて幸せです
কিকোকুসুরু মায়ে নি, ইয়ুকি ও মিরু কোতো গা দেকিতে শিআওয়াসে দেস্

アンナ আন্না	もしかして、雪？ মোশিকাশ্‌তে, ইয়ুকি?	সম্ভবত, তুষার?
健太 কেন্‌তা	これは、粉雪。粉のようにさらさらしているでしょ。 কোরে ওয়া, কোনাইয়ুকি। কোনা নো ইয়োওনি সারাসারা শিতেইরু দেশো।	এটা হল গুড়ো বা পাউডার তুষার। পাউডারের মতই এটা হাল্কা, শুকনো, এবং সূক্ষ্ম, তাই না?
アンナ আন্না	帰国する前に、雪を見ることができて幸せです。 কিকোকুসুরু মায়ে নি, ইয়ুকি ও মিরু কোতো গা দেকিতে শিআওয়াসে দেস্।	স্বদেশে ফিরে যাওয়ার আগে তুষার দেখতে পেরে আমি আনন্দিত।

ব্যাকরণের টিপস্

① _ নো ইয়োওনি　(_ এর মত)
যেমন) কোনা নো ইয়োওনি (পাউডারের মত)।

② ক্রিয়ার আভিধানিক রূপ + মায়ে নি　(_ করার আগে)

* কোন নির্দিষ্ট কাজ অন্য আরেকটি কাজের আগে করা হয় বা হয়েছে বোঝাতে মায়ে নি (এর আগে) কথাটি ব্যবহার করা হয়। মায়ে নি কথাটির আগে থাকা ক্রিয়াপদটির আভিধানিক রূপ বসে।
  যেমন) গোহান ও তাবেরু মায়ে নি, তে ও আরাইমাশ্‌তা। (খাবার খাওয়ার পূর্বে হাত ধুয়েছি)
* কোন নির্দিষ্ট কাজ অন্য আরেকটি কাজের পরে করা হয় বা হয়েছে বোঝাতে আতো দে (এর পরে) কথাটি ব্যবহার করা হয়। আতো দে কথাটির পূর্বে ক্রিয়াপদের তা-রূপ বসে।
  যেমন) গোহান ও তাবেতা আতো দে, ওসারা ও আরাইমাস্। (খাবার খাওয়ার পরে আমি প্লেট ধুয়ে রাখি)

ধ্বন্যাত্মক শব্দ

চিরা চিরা

এটি তুষারের মত ক্ষুদ্র ও হাল্কা কণা বাতাসে ভেসে বেড়ানোর দৃশ্য বা ভঙ্গি প্রকাশ করে।

কোন্‌কোন্

এটি দিয়ে বোঝায় দীর্ঘ সময় ধরে চলতে থাকা অবিরাম তুষারপাত।

পাঠ ৪৭ 日本語教師になるのが夢です
নিহোংগো-কিয়োওশি নি নারু নো গা ইয়ুমে দেস্

先生 শিক্ষক	最後に、みなさんの夢を教えてください。 সাইগো নি, মিনাসান নো ইয়ুমে ও ওশিয়েতে কুদাসাই।	সবশেষে, আপনাদের সবার স্বপ্নের কথা বলুন।
ロドリゴ রড্রিগো	僕は日本を１周したいです。 বোকু ওয়া নিহোন ও ইশ্‌শুউ শিতাই দেস্।	আমি সমগ্র জাপান ভ্রমণ করতে চাই।
アンナ আন্না	私は・・・日本語教師になるのが夢です。 ওয়াতাশি ওয়া ... নিহোংগো-কিয়োওশি নি নারু নো গা ইয়ুমে দেস্।	আমার ব্যাপারে বলতে চাই... জাপানি ভাষার শিক্ষক হওয়া আমার স্বপ্ন।

ব্যাকরণের টিপস্

① _ নি নারিমাস্ (_ হওয়া)

- নি একটি পার্টিকেল যা পরিবর্তনের ফলাফল নির্দেশ করে।
  যেমন) নিহোংগো কিয়োওশি নি নারিমাস্। (আমি জাপানি ভাষার শিক্ষক হব)

② ক্রিয়ার সরল রূপ + নো : ক্রিয়াপদকে বিশেষ্যপদে রূপান্তরের নিয়ম

- ক্রিয়াপদকে বিশেষ্যপদে রূপান্তর করতে হলে ক্রিয়ার সরল রূপ, যেমন আভিধানিক রূপ বা তা-রূপের পর নো যুক্ত করতে হবে।
  যেমন) নিহোংগো-কিয়োওশি নি নারু নো গা ইয়ুমে দেস্।
  → নারিমাস্ (হওয়া) ক্রিয়ার আভিধানিক রূপ
  (জাপানি ভাষার শিক্ষক হওয়া আমার স্বপ্ন)
- এক্ষেত্রে নো কথাটির পরিবর্তে কোতো শব্দটিও ব্যবহার করা যায়।
  যেমন) নিহোংগো-কিয়োওশি নি নারু কোতো গা ইয়ুমে দেস্।

ধ্বন্যাত্মক শব্দ

এটি অনর্গল এবং ঝরঝরেভাবে অনায়াসে কথা বলা বা পড়ার ভঙ্গি প্রকাশ করে।

এটি দ্রুতলয়ে অনবরত বকবক করা, অথবা কারো সঙ্গে অপ্রয়োজনীয় কথা বলার অভ্যেস প্রকাশ করে

পাঠ ৪৮ いろいろお世話になりました
ইরোইরো ওসেওয়া নি নারিমাশ্‌তা

健太 কেন্‌তা	体に気をつけて。 কারাদা নি কিওৎসুকেতে।	অনুগ্রহ করে নিজের যত্ন নেবেন।
さくら সাকুরা	タイに着いたら連絡してね。 তাই নি ৎসুইতারা, রেন্‌রাকু শিতে নে।	থাইল্যান্ডে পৌঁছে যোগাযোগ করবেন কিন্তু।
アンナ আন্না	はい。いろいろお世話になりました。 健太さんとさくらさんもお元気で。 হাই। ইরোইরো ওসেওয়া নি নারিমাশ্‌তা। কেন্‌তা-সান তো সাকুরা-সান মো ওগেংকি দে।	হ্যাঁ। আপনাদের সব রকম সহযোগিতার জন্য ধন্যবাদ। কেন্‌তা-সান আর সাকুরা-সান, আপনারাও নিজেদের দিকে খেয়াল রাখবেন।

ব্যাকরণের টিপস্‌

① **কিওৎসুকেতে** (নিজের প্রতি খেয়াল রাখুন/সতর্ক থাকুন)

- কিওৎসুকেতে কথাটি কিওৎসুকেমাস্‌ (খেয়াল রাখা) ক্রিয়ার তে-রূপ।
- এই ক্রিয়াপদের কর্ম নির্দেশ করতে, অর্থাৎ যে বিষয়ে সতর্ক থাকা দরকার, তা নির্দেশ করতে নি পার্টিকেল ব্যবহার করা হয়।

  যেমন) কুরুমা নি কিওৎসুকেতে। (গাড়ির ব্যাপারে সতর্ক থাকবেন)

② **বিদায়কালীন সম্ভাষণ**



ধ্বন্যাত্মক শব্দ

এটি হল আনন্দে অট্টহাসির ভঙ্গি।

এটি দিয়ে বোঝায় প্রধানত মেয়েদের চাপা হাসি।

বিশেষণ

			না-বাচক রূপ		অতীত রূপ	তে-রূপ
ই-বিশেষণ 	খুশি	うれしい উরেশিই	うれしく উরেশিকু	ない নাই	うれしかった উরেশিকাত্তা	うれしくて উরেশিকুতে
	কৌতূহলোদ্দীপক	おもしろい ওমোশিরোই	おもしろく ওমোশিরোকু	ない নাই	おもしろかった ওমোশিরোকাত্তা	おもしろくて ওমোশিরোকুতে
	ব্যস্ত	忙しい ইসোগাশিই	忙しく ইসোগাশিকু	ない নাই	忙しかった ইসোগাশিকাত্তা	忙しくて ইসোগাশিকুতে
	সস্তা	安い ইয়াসুই	安く ইয়াসুকু	ない নাই	安かった ইয়াসুকাত্তা	安くて ইয়াসুকুতে
	মিষ্টি (মেয়ে, শিশু), সুন্দর (বস্তু, প্রাণি)	かわいい কাওয়াইই	かわいく কাওয়াইকু	ない নাই	かわいかった কাওয়াইকাত্তা	かわいくて কাওয়াইকুতে
	বড়	大きい ওওকিই	大きく ওওকিকু	ない নাই	大きかった ওওকিকাত্তা	大きくて ওওকিকুতে
	সুস্বাদু	おいしい ওইশিই	おいしく ওইশিকু	ない নাই	おいしかった ওইশিকাত্তা	おいしくて ওইশিকুতে
	ভাল	いい ইই	よく ইয়োকু	ない নাই	よかった ইয়োকাত্তা	よくて ইয়োকুতে
না-বিশেষণ 	ঠিক	大丈夫 দাইজোওবু	大丈夫では দাইজোওবুদেওয়া	ない নাই	大丈夫だった দাইজোওবুদাত্তা	大丈夫で দাইজোওবুদে
	দক্ষ	上手 জোওযু	上手では জোওযুদেওয়া	ない নাই	上手だった জোওযুদাত্তা	上手で জোওযুদে
	সুস্থ-সবল	元気 গেংকি	元気では গেংকিদেওয়া	ない নাই	元気だった গেংকিদাত্তা	元気で গেংকিদে
	প্রিয়	好き সুকি	好きでは সুকিদেওয়া	ない নাই	好きだった সুকিদাত্তা	好きで সুকিদে
	বিখ্যাত	有名 ইউমেয়ে	有名では ইউমেয়েদেওয়া	ない নাই	有名だった ইউমেয়েদাত্তা	有名で ইউমেয়েদে

সংখ্যা গণনা

		1	2	3	4	5
	ৎসু (-টা)	ひとつ হিতোৎসু	ふたつ ফুতাৎসু	みっつ মিৎসু	よっつ ইয়োৎসু	いつつ ইৎসুৎসু
	কাই (তলা)	いっかい ইক্কাই	にかい নিকাই	さんがい সাংগাই	よんかい ইয়োংকাই	ごかい গোকাই
	ফুন / পুন (মিনিট)	いっぷん ইপ্পুন	にふん নিফুন	さんぷん সাম্পুন	よんぷん ইয়োম্পুন	ごふん গোফুন
	সাই (বয়স)	いっさい ইস্সাই	にさい নিসাই	さんさい সান্সাই	よんさい ইয়োন্সাই	ごさい গোসাই

ক্রিয়াপদ

		মাস্-রূপ		আভিধানিক রূপ	তে-রূপ	তা-রূপ
গ্রুপ ১ 	ব্যবহার করা	使い ৎসুকাই	ます মাস্	使う ৎসুকাউ	使って ৎসুকাতে	使った ৎসুকাতা
	অপেক্ষা করা	待ち মাচি	ます মাস্	待つ মাৎসু	待って মাত্তে	待った মাত্তা
	একত্র হওয়া	集まり আৎসুমারি	ます মাস্	集まる আৎসুমারু	集まって আৎসুমাত্তে	集まった আৎসুমাত্তা
	পাঠ করা	読み ইয়োমি	ます মাস্	読む ইয়োমু	読んで ইয়োন্দে	読んだ ইয়োন্দা
	লেখা	書き কাকি	ます মাস্	書く কাকু	書いて কাইতে	書いた কাইতা
	তাড়াতাড়ি করা	急ぎ ইসোগি	ます মাস্	急ぐ ইসোগু	急いで ইসোইদে	急いだ ইসোইদা
	নেভানো	消し কেশি	ます মাস্	消す কেসু	消して কেশিতে	消した কেশিতা
	যাওয়া	行き ইকি	ます মাস্	行く ইকু	行って ইত্তে	行った ইত্তা
গ্রুপ ২ 	খাওয়া	食べ তাবে	ます মাস্	食べる তাবেরু	食べて তাবেতে	食べた তাবেতা
	মনে রাখা	覚え ওবোয়ে	ます মাস্	覚える ওবোয়েরু	覚えて ওবোয়েতে	覚えた ওবোয়েতা
	আছে, থাকা	い ই	ます মাস্	いる ইরু	いて ইতে	いた ইতা
	দেখা	見 মি	ます মাস্	見る মিরু	見て মিতে	見た মিতা
গ্রুপ ৩ 	আসা	来 কি	ます মাস্	来る কুরু	来て কিতে	来た কিতা
	করা	し শি	ます মাস্	する সুরু	して শিতে	した শিতা
	পড়াশোনা করা	勉強し বেংকিয়োও শি	ます মাস্	勉強する বেংকিয়োও সুরু	勉強して বেংকিয়োও শিতে	勉強した বেংকিয়োও শিতা

নাই রূপ		কর্মবাচ্য রূপ		ইচ্ছাজ্ঞাপক রূপ	আজ্ঞাসূচক রূপ	সক্ষমতা বা সম্ভাব্যতাজ্ঞাপক রূপ	
使わ ৎসুকাওয়া	ない নাই	使われ ৎসুকাওয়ারে	ます মাস্	使おう ৎসুকাওও	使え ৎসুকায়ে	使え ৎসুকায়ে	ます মাস্
待た মাতা	ない নাই	待たれ মাতারে	ます মাস্	待とう মাতোও	待て মাতে	待て মাতে	ます মাস্
集まら আৎসুমারা	ない নাই	集まられ আৎসুমারারে	ます মাস্	集まろう আৎসুমারোও	集まれ আৎসুমারে	集まれ আৎসুমারে	ます মাস্
読ま ইয়োমা	ない নাই	読まれ ইয়োমারে	ます মাস্	読もう ইয়োমোও	読め ইয়োমে	読め ইয়োমে	ます মাস্
書か কাকা	ない নাই	書かれ কাকারে	ます মাস্	書こう কাকোও	書け কাকে	書け কাকে	ます মাস্
急が ইসোগা	ない নাই	急がれ ইসোগারে	ます মাস্	急ごう ইসোগো	急げ ইসোগে	急げ ইসোগে	ます মাস্
消さ কেসা	ない নাই	消され কেসারে	ます মাস্	消そう কেসোও	消せ কেসে	消せ কেসে	ます মাস্
行か ইকা	ない নাই	行かれ ইকারে	ます মাস্	行こう ইকোও	行け ইকে	行け ইকে	ます মাস্
食べ তাবে	ない নাই	食べられ তাবেরারে	ます মাস্	食べよう তাবেইয়োও	食べろ তাবেরো	食べられ তাবেরারে	ます মাস্
覚え ওবোয়ে	ない নাই	覚えられ ওবোয়েরারে	ます মাস্	覚えよう ওবোয়েইয়োও	覚えろ ওবোয়েরো	覚えられ ওবোয়েরারে	ます মাস্
い ই	ない নাই	いられ ইরারে	ます মাস্	いよう ইয়োও	いろ ইরো	いられ ইরারে	ます মাস্
見 মি	ない নাই	見られ মিরারে	ます মাস্	見よう মিইয়োও	見ろ মিরো	見られ মিরারে	ます মাস্
来 কো	ない নাই	来られ কোরারে	ます মাস্	来よう কোইয়োও	来い কোই	来られ কোরারে	ます মাস্
し শি	ない নাই	され সারে	ます মাস্	しよう শিয়োও	しろ শিরো	でき দেকি	ます মাস্
勉強し বেংকিয়োও শি	ない নাই	勉強され বেংকিয়োও সারে	ます মাস্	勉強しよう বেংকিয়োও শিইয়োও	勉強しろ বেংকিয়োও শিরো	勉強でき বেংকিয়োও দেকি	ます মাস্

জাপানি কানা লিপির চার্ট
(হিরাগানা)

সঠিক উচ্চারণ জানতে ভিডিওতে দেখা এবং লিপিগুলো লেখার উপায় জানার জন্য এনএইচকে-র ওয়েবসাইট দেখুন

あ আ	い ই	う উ	え এ	お ও	
か কা	き কি	く কু	け কে	こ কো	
さ সা	し শি	す সু	せ সে	そ সো	
た তা	ち চি	つ ৎসু	て তে	と তো	
な না	に নি	ぬ নু	ね নে	の নো	
は হা	ひ হি	ふ হু	へ হে	ほ হো	
ま মা	み মি	む মু	め মে	も মো	
や ইয়া		ゆ ইয়ু		よ ইয়ো	
ら রা	り রি	る রু	れ রে	ろ রো	
わ ওয়া				を ও	ん ন

জাপানি কানা লিপির চার্ট
(কাতাকানা)

সঠিক উচ্চারণ জানতে ভিডিওতে দেখা এবং লিপিগুলো লেখার উপায় জানার জন্য এনএইচকে-র ওয়েবসাইট দেখুন

ア আ	イ ই	ウ উ	エ এ	オ ও	
カ কা	キ কি	ク কু	ケ কে	コ কো	
サ সা	シ শি	ス সু	セ সে	ソ সো	
タ তা	チ চি	ツ ৎসু	テ তে	ト তো	
ナ না	ニ নি	ヌ নু	ネ নে	ノ নো	
ハ হা	ヒ হি	フ হু	ヘ হে	ホ হো	
マ মা	ミ মি	ム মু	メ মে	モ মো	
ヤ ইয়া		ユ ইয়ু		ヨ ইয়ো	
ラ রা	リ রি	ル রু	レ রে	ロ রো	
ワ ওয়া				ヲ ও	ン ন্

সহজে জাপানি ভাষা

Bagerhat Training Center
Shat Gombuz, Bagerhat
Contact : +88 01712-807277